রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৬, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ৩০ অক্টোবর ২০০১/১৫ কার্তিক ১৪০৮

এস, আর, ও নং- ৩০৭-আইন/২০০১—Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর section 42-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যাহা উক্ত Ordinance এর section 42 এর sub-section (1) এর প্রয়োজন মোতাবেক ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৯ইং মোতাবেক ১২ই আশ্বিন ১৪০৬ বাং তারিখের এস,আর,ও নং-২৮৭-আইন/৯৯ দ্বারা প্রাক্-প্রকাশনা করা হইয়াছিল, যথা ঃ—

### অধ্যায়-১
### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই বিধিমালা অভ্যন্তরীণ জাহাজ (টনেজ পরিমাপন) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধিদপ্তর" অর্থ সমুদ্র পরিবহন অধিদপ্তর;

(খ) "অধ্যাদেশ" অর্থ the Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976);

(গ) "অভ্যন্তরীণ জলপথ" অর্থ অধ্যাদেশের section 2(f) এ সংজ্ঞায়িত "inland water";

(ঘ) "গ্রস টনেজ" অর্থ বিধি ১১ এর অধীন নির্ধারিত জাহাজের আকার;

(ঙ) "জাহাজ" বা "অভ্যন্তরীণ জাহাজ" অর্থ অধ্যাদেশের section 2(c) তে সংজ্ঞায়িত "inland ship";



মূল্য ঃ টাকা ৪.০০

(চ) "দৈর্ঘ্য (L)" অর্থ লোড ওয়াটার লাইনে (বোঝাই জলরেখা) জাহাজের অগ্রভাগে ষ্টেম (stem) এর সম্মুখপ্রান্ত হইতে রাডার পোর্ট এর পশ্চাৎপ্রান্ত, অথবা জাহাজে রাডার পোর্ট না থাকে, তাহা হইলে রাডার ষ্টকের কেন্দ্র পর্যন্ত দূরত্ব;

(ছ) "নতুন জাহাজ" অর্থ এই বিধিমালা কার্যকর হওয়ার তারিখ হইতে যে সকল জাহাজে কিল বসানো হইবে এবং যে সকল জাহাজ সমপরিমাণ নিম্নমানের থাকিবে সে সকল জাহাজ;

(জ) "নেট টনেজ" অর্থ বিধি ১২ এর অধীন নির্ধারিত জাহাজের ব্যবহারোপযোগী ধারণ ক্ষমতার পরিমাণ;

(ঝ) "প্রশাসন" অর্থ অভ্যন্তরীণ জাহাজ নিরাপত্তা প্রশাসন (ISSA);

(ঞ) "প্রিন্সিপাল অফিসার" অর্থ অভ্যন্তরীণ জাহাজ নিরাপত্তা প্রশাসনের প্রিন্সিপাল অফিসার;

(ট) "বর্তমান জাহাজ" অর্থ যে জাহাজ নতুন জাহাজ নহে;

(ঠ) "মহাপরিচালক" অর্থ সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক;

(ড) "যাত্রী" অর্থ জাহাজ বা অভ্যন্তরীণ জাহাজের আরোহীদের মধ্যে জাহাজের মাষ্টার, অফিসার ও নাবিক ব্যতীত যে কোন ব্যক্তি, তবে এক বৎসরের কমবয়সী শিশু যাত্রী ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(ঢ) "যাত্রীবাহী জাহাজ" অর্থ ১২ জনের অধিক যাত্রী বহনে ব্যবহৃত ওয়েদার ডেক সম্বলিত জাহাজ এবং একাধিক ডেকবিশিষ্ট জাহাজও ইহার অন্তর্ভুক্ত হইবে;

৩। **প্রয়োগ**।—এই বিধিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ—

(ক) নতুন জাহাজ;

(খ) অধিদপ্তর কর্তৃক বর্তমান গ্রস টনেজ এর ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন ও সংস্কার হইয়াছে বলিয়া গণ্য বিদ্যমান কোন জাহাজ;

(গ) বর্তমান জাহাজ, যে জাহাজের ক্ষেত্রে এই বিধিমালা প্রয়োগ করার জন্য মালিক অনুরোধ করিয়াছেন;

(ঘ) এই বিধিমালা কার্যকর হইবার তারিখের দুই বৎসর পর ১০০ জি আরটি পর্যন্ত সকল বর্তমান জাহাজ;

(ঙ) এই বিধিমালা কার্যকর হইবার তারিখের তিন বৎসর পর, ১০০ হইতে ৫০০ জি আরটি পর্যন্ত সকল বর্তমান জাহাজ;

(চ) এই বিধিমালা কার্যকর হইবার তারিখের চার বৎসর পর, ৫০০ জি আরটি ঊর্ধ্বে সকল বর্তমান জাহাজ;

(ছ) লোড ওয়াটার লাইনে (বোঝাই জলরেখা) জাহাজের অগ্রভাগে স্টেম (Stem) এর সম্মুখ পান্ত হইতে রাডার পোষ্ট এর পশ্চাৎ প্রান্ত পর্যন্ত অথবা যদি জাহাজে কোন রাডার পোষ্ট না থাকে, তাহা হইলে ষ্টকের কেন্দ্র পর্যন্ত দূরত্ব।

৪। **অব্যাহতি**।—এই বিধিমালা বাংলাদেশের প্রতিরক্ষা সার্ভিসসমূহের মালিকানাধীন জাহাজ এবং ৬ মিটারের কম দৈর্ঘ্যবিশিষ্ট জাহাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

## অধ্যায়-২

### সাধারণ

৫। **টনেজ।**—(১) কোন জাহাজের টনেজ এর মধ্যে গ্রস টনেজ বা নেট টনেজ অন্তর্ভুক্ত থাকিবে।

(২) এই বিধিমালার বিধান অনুযায়ী গ্রস টনেজ ও নেট টনেজ নির্ধারিত হইবে।

(৩) অভিনব জাহাজের (Novel type of ship), যে সকল জাহাজের নির্মাণগত বৈশিষ্ট্য এমন যে উহাদের ক্ষেত্রে এই বিধিমালার বিধান প্রয়োগ অযৌক্তিক বা অবান্তর বিবেচিত হইবে, গ্রস টনেজ ও নেট টনেজ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) এই বিধিমালার অধীন নির্ধারিত এবং বিধি ৭ এর অধীন ইস্যুকৃত টনেজ সার্টিফিকেটে প্রদর্শিত টনেজ সংশ্লিষ্ট জাহাজের আবদ্ধ স্থানসমূহের আয়তন নির্দেশ করিবে, ওজন অথবা মাল বহন ক্ষমতা নির্দেশ করিবে না এবং ইহা জাহাজের নিবন্ধন, জরিপ, ডকে ঢোকানো, ডক হইতে বাহির করা, করারোপ ইত্যাদি ক্ষেত্রে ফিস নির্ধারণের উদ্দেশ্যে এবং অভ্যন্তরীণ বন্দর ও প্রণালীসমূহের সুবিধাদি ব্যবহার এবং অনুরূপ অন্যান্য উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে।

৬। **টনেজ নির্ধারণ কর্তৃপক্ষ।**—অধিদপ্তর কর্তৃক গ্রস টনেজ ও নেট টনেজ নির্ধারিত হইবে এবং প্রশাসন (ISSA) তৎকর্তৃক স্বীকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর অনুরূপ নির্ধারণের দায়িত্ব অর্পণ করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, অধিদপ্তরকে প্রতিটি ক্ষেত্রে গ্রস টনেজ ও নেট টনেজ নির্ধারণের পূর্ণ দায়িত্ব গ্রহণ করিতে হইবে।

৭। **টনেজ সার্টিফিকেট প্রদান।**—(১) এই বিধিমালার অধীন যেইসব জাহাজের গ্রস ও নেট টনেজ নির্ধারণ করা হইবে সেইসব জাহাজকে টনেজ সার্টিফিকেট প্রদান করিতে হইবে।

(২) প্রশাসন বা প্রিন্সিপাল অফিসার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা সংস্থা উপ-বিধি (১) এর অধীন সার্টিফিকেট ইস্যু করিবেন।

(৩) টনেজ সার্টিফিকেট পরিশিষ্ট-১ অনুসারে প্রদত্ত হইবে।

৮। **সার্টিফিকেট বাতিলকরণ।**—যদি জাহাজের জরিপ সার্টিফিকেটে নির্দেশিত বিন্যাস, নির্মাণ, ধারণক্ষমতা, স্থানের ব্যবহার ও অনুমোদিত যাত্রী সংখ্যা, জাহাজের লোড লাইন বা অনুমোদিত ড্রাফট এর ক্ষেত্রে এমন কোন পরিবর্তন সাধন করা হয় যাহাতে গ্রস টনেজ বা নেট টনেজ বৃদ্ধির প্রয়োজন হয় এবং কোন ক্ষেত্রে জাহাজের মালিকানার পরিবর্তন হয় তাহা হইলে এই বিধিমালায় ভিন্নরূপ কোন বিধান না থাকিলে টনেজ সার্টিফিকেটের বৈধতা রহিত হইবে এবং সার্টিফিকেট বাতিল বলিয়া গণ্য হইবে।

৯। **পরিদর্শন।**—(১) প্রশাসনের ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার বা পরিদর্শক অথবা প্রিন্সিপাল অফিসার কর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন ব্যক্তি এই বিধিমালার অধীনে পরিদর্শনের জন্য যে কোন সময় অভ্যন্তরীণ জাহাজে আরোহণ করিতে পারিবেন এবং উক্ত পরিদর্শন নিম্নরূপ উদ্দেশ্য পূরণকল্পে করা হইবে, যথা ঃ—

(ক) এই বিধিমালার অধীন জাহাজকে বৈধ টনেজ সার্টিফিকেট প্রদান করা হইয়াছে কিনা; এবং

(খ) জাহাজের প্রধান বৈশিষ্ট্যসমূহের সহিত সার্টিফিকেট প্রদত্ত উপাত্তের মিল রহিয়াছে কিনা।

(২) যদি পরিদর্শন হইতে ইহা দেখা যায় যে, কোন জাহাজের বৈশিষ্ট্য টনেজ সার্টিফিকেট অন্তর্ভুক্তির সহিত এমনভাবে অমিল রহিয়াছে যাহার ফলে গ্রস টনেজ ও নেট টনেজ বৃদ্ধির প্রয়োজন, তাহা হইলে এই বিধিমালার অধীন জাহাজটি পুনরায় পরিমাপ করা হইবে এবং পূর্বে প্রদত্ত টনেজ সার্টিফিকেট রহিত করিয়া জাহাজের জন্য নূতন একটি সার্টিফিকেট প্রদান করা হইবে।

## অধ্যায়-৩

## জাহাজের গ্রস ও নেট টনেজ নির্ধারণ

১০। **সংজ্ঞাসমূহ।**—জাহাজের গ্রস টনেজ ও নেট টনেজ নির্ধারণের জন্য এই বিধিমালায় ব্যবহৃত শব্দের অর্থ, বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, জাহাজের গ্রস টনেজ ও নেট টনেজ নির্ধারণের জন্য ব্যবহৃত শব্দসমূহের সংজ্ঞা হইবে নিম্নরূপ, যথা ঃ—

(১) "আপার ডেক" অর্থে আকাশের নীচে সর্বাপেক্ষা উঁচু সম্পূর্ণ ডেক, যাহার আবহমন্ডলের দিকের সকল উন্মুক্ত অংশ বন্ধ করিবার স্থায়ী উপায় রহিয়াছে এবং নীচে জাহাজের পার্শ্বসমূহের সকল উন্মুক্ত অংশের সহিত পানিরোধী বন্ধকরণ ব্যবস্থা সংযুক্ত রহিয়াছে এবং অনাবৃত্ত ডেক এর নিম্নতম লাইন এবং আপার ডেক এর সমান্তরালে সেই লাইনের অবিচ্ছিন্ন বর্ধিতাংশ ও আপার ডেক বলিয়া অন্তর্ভুক্ত হইবে।

(২) "মোডেড ডেপথ্" (Mounded depth)—

(ক) মোডেড ডেপথ্ হইতেছে জাহাজের কিল এর উপর হইতে পার্শ্ব আপার ডেক এর ভিতরের দিক পর্যন্ত পরিমাপকৃত জাহাজের পার্শ্বের উল্লম্ব দূরত্ব। যেই ক্ষেত্রে মিডশিপ এর নীচের অংশের গঠন শূন্য গর্ত প্রকৃতির অথবা যেই ক্ষেত্রে মোটা গারবোর্ড সংযুক্ত থাকে, সেইক্ষেত্রে দূরত্ব পরিমাপ করা হয় ভিতরের যেই বর্ধিত কিলের সমতলের লাইন বর্ধিত হইয়া যেই বিন্দুতে কিলের পার্শ্বকে ছেদ করে সেই বিন্দু হইতে;

(খ) গোলাকার গানওয়েলসবিশিষ্ট জাহাজের মোডেড ডেপথ্ গভীরতা ডেক এর মোডেড ডেপথ্ লাইনসমূহ এবং শেল প্লেটিং এর প্রতিচ্ছেদ পর্যন্ত, যেইখানে লাইনগুলি এমনভাবে বর্ধিত যেন গানওয়েলসমূহ কৌণিক ডিজাইনের বলিয়া মনে হয়;

(গ) যেইক্ষেত্রে আপার ডেক ধাপবিশিষ্ট এবং ডেক এর উত্তোলিত অংশ যেই বিন্দুতে মোডেড গভীরতা নির্ধারণ করিতে হইবে সেই বিন্দু ছাড়াইয়া বর্ধিত হইয়াছে, সেইক্ষেত্রে মোডেড গভীরতা উত্তোলিত অংশের সমান্তরাল লাইন বরাবর ডেক এর নীচের অংশ হইতে বর্ধিত রেফারেন্স লাইন পর্যন্ত পরিমাপ করা হইবে।

(৩) "প্রশস্ততা" Breath অর্থে ধাতব সেলবিশিষ্ট জাহাজে মাঝ বরাবর একই কাঠামোর বাহিরের পৃষ্ঠ পর্যন্ত পরিমাপকৃত জাহাজের সর্বাধিক প্রশস্ততাকে বুঝাইবে।

(৪) "আবদ্ধ স্থানসমূহ" অর্থে সেই সমস্ত সেলবিশিষ্ট জাহাজের মাঝ বরাবর একই কাঠামোর বাহিরের পৃষ্ঠ পর্যন্ত পরিমাপকৃত জাহাজের সর্বাধিক প্রশস্ততা বুঝাইবে।

(৫) এই বিধির (৪) দফার বিধানাবলী সত্ত্বেও, এই দফা এবং উপ-বিধি ২ এর দফা (খ) ও (গ) এ উল্লিখিত স্থানকে বাদ দেওয়া স্থান বলা হইবে এবং "বাদ দেওয়া স্থানসমূহ" আবদ্ধ স্থানের অন্তর্ভুক্ত হইবে না যদি না নিম্নলিখিত তিনটি শর্তের মধ্যে কমপক্ষে একটি শর্ত পূরণ করা হয় ঃ—

মাল অথবা দ্রব্যসামগ্রী রাখিবার জন্য তাক বা অন্যান্য ব্যবস্থা দ্বারা তৈরীকরণ;

উন্মুক্ত স্থানসমূহ বন্ধ করিবার কোন ব্যবস্থা দ্বারা তৈরীকরণ;

নির্মাণ প্রক্রিয়ায় অনুরূপ উন্মুক্ত স্থানসমূহ বন্ধ করিবার কোন সম্ভাব্য ব্যবস্থা রাখা।

(ক) (অ) পাশ্ববর্তী ডেক বীমসমূহের ২৫ মিলিমিটার গভীরতার অনধিক গভীরতার কার্টেইন প্লেট ব্যতীত, ডেক হইতে ডেক পর্যন্ত বর্ধিত প্রান্তবর্তী উন্মুক্ত স্থানের বিপরীতে উত্তোলিত অংশের মধ্যে কোন স্থান, যেখানে অনুরূপ উন্মুক্ত স্থানের প্রস্থ স্থানটির উন্মুক্ত অংশের লাইনে ডেক এর প্রস্থের ৯০ শতাংশের অধিক বা সমান দূরত্বে লাইন অথবা উন্মুক্ত অংশের মুখের সমান্তরাল লাইনের মধ্যকার আবদ্ধ স্থান বাদ দেওয়ার জন্য এই বিধান প্রযোজ্য হইবে (চিত্র-১, পরিশিষ্ট-২)।

(আ) বাহিরের প্লেটিং ক্রমশ সরু হওয়া ব্যতীত অন্য কোন ব্যবস্থার কারণে যদি কোন স্পেসের প্রস্থ ডেক এর প্রস্থের ৯০ শতাংশের কম হয়, তবে উন্মুক্ত অংশের লাইন এবং যেইখানে স্থানের আড়াআড়ি প্রস্থ ডেক এর প্রস্থের ৯০ শতাংশের সমান বা কম হয় সেই বিন্দুর উপর দিয়া অংকিত সমান্তরাল লাইনের মধ্যবর্তী স্থানই কেবল দেওয়ালবন্ধ স্থানসমূহের আয়তন হইতে বাদ দিতে হইবে (চিত্র-২, ৩ ও ৪, পরিশিষ্ট-২)।

(ই) যেক্ষেত্রে এই দুটি স্পেসের মধ্যবর্তী স্পেস যাহা বেষ্টনী বা উন্মুক্ত রেইল ব্যতীত সম্পূর্ণভাবে খোলা সেক্ষেত্রে উপ-দফা (ক) (অ) এবং (আ) অনুযায়ী একটি বা উভয় স্থানই বাদ দেওয়ার অনুমতি দেওয়ার বিষয়টি প্রযোজ্য হইবে না, যদি দুই স্থানের মধ্যেকার পৃথককারী স্থান উহার পথে ডেক এর ন্যূনতম অর্ধেক প্রস্থের কম হয় (চিত্র-৫ ও ৬, পরিশিষ্ট-২)।

(খ) উপরকার ডেক এর নীচের কোনো স্থান প্রয়োজনীয় খুঁটি ব্যতীত জাহাজের পার্শ্বদেশে খোলা রেইল বা উপরিভাগের বেষ্টনী ও কার্টেইন প্লেট বা খাড়া রাখিবার খুঁটি সংযুক্ত করা যাইবে এই শর্তে যে, রেইল বা উপরিভাগের বেষ্টনীর উপরিভাগ এবং কার্টেইন প্লেট এর মধ্যেকার দূরত্ব ০.৭৫ মিটার বা স্থানটির উচ্চতার এক তৃতীয়াংশের মধ্যে যাহা অধিক তাহার বেশী হইবে না (চিত্র-৭, পরিশিষ্ট-২)।

(গ) বিপরীত পার্শ্বের উন্মুক্ত অংশের দিকে ০.৭৫ মিটার বা স্থানটির উচ্চতার এক তৃতীয়াংশ, যাহা অধিক, এর কোন স্থান যদি পাশাপাশি নির্মাণ করা হয় এবং অনুরূপ নির্মাণে যদি উন্মুক্ত অংশ এক পার্শ্বে রাখা হইয়া থাকে, তাহা হইলে আবদ্ধ স্থানসমূহের আয়তন হইতে বাদ দেওয়ার স্থান জাহাজের উন্মুক্ত অংশের দিকে ডেক প্রস্থের সর্বাধিক অর্ধেকে সীমিত থাকিবে (চিত্র-৮, পরিশিষ্ট-২)।

(ঘ) উপরকার ডেক এ অনাচ্ছাদিত উন্মুক্ত অংশের ঠিক নীচে কোন নির্মাণের মধ্যে একটি স্থান ঃ তবে শর্ত থাকে যে, উক্তরূপ উন্মুক্ত স্থান আকাশের দিকে খোলা থাকিবে এবং আবদ্ধ স্থান হইতে বাদ দেওয়ার স্থান উন্মুক্ত অংশের আয়তনের মধ্যে সীমিত থাকিবে (চিত্র-৯, পরিশিষ্ট-২)।

(ঙ) কোনো নির্মাণের উপরকার সীমানা বেষ্টনীর মধ্যে আকাশের দিকে খোলা কোন কোটর, যাহার মুখ বন্ধ করিবার ব্যবস্থা ব্যতীত ডেক হইতে ডেক পর্যন্ত বিস্তৃত ঃ

তবে শর্ত থাকে যে, অভ্যন্তরীণ প্রশস্ততা প্রবেশ পথের প্রশস্ততা হইতে বৃহত্তর হইতে পারিবে না এবং নির্মাণের মধ্যে ইহার প্রসরণ ইহার প্রবেশপথের দ্বিগুণের অধিক হইবে না (চিত্র-১০, পরিশিষ্ট-২)।

(৬) নেট টনেজ হিসাবে মাল রাখিবার যে স্থানসমূহকে অন্তর্ভুক্ত করিতে হইবে তাহা হইতেছে খালাস এর জন্য নির্দিষ্ট করিয়া রাখা আবদ্ধ স্থানসমুহ যদি তাহা গ্রস টনেজ (Gross Tonnage) হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত হইয়া থাকে। অনুরূপ মাল রাখিবার স্থানসমূহ (cargo compartment) অক্ষরদ্বয় দ্বারা স্থায়ীভাবে চিহ্নিত করিয়া রাখিতে হইবে এবং তাহা এমন জায়গায় করিতে হইবে যেন সহজে চোখে পড়ে এবং উচ্চতায় ১০০ মিলিমিটারের কম না হয়।

(৭) "আবহাওয়ারোধী" বলিতে ইহা বুঝাইবে যে কোন আবহাওয়াতেই সহজে পানি ঢুকিতে পারিবে না।

১১। **গ্রস টনেজ (Gross Tonnage)**।—কোন জাহাজের গ্রস টনেজ নিম্নবর্ণিত সূত্রের সাহায্যে নির্ধারণ করিতে হইবে ঃ—

$GT = K_1 V$

যেখানে ঃ V ঘনমিটারে জাহাজের সকল দেওয়ালবদ্ধ স্থানের মোট আয়তন।

$K_1 = 0.2 + 0.02 \log_{10} V$ (অথবা পরিশিষ্ট ৩-এ যেইভাবে সারণীবদ্ধ করা হইয়াছে)।

১২। **নেট টনেজ (Net Tonnage) নির্ধারণ।**—(১) কোন জাহাজের নেট টনেজ নিম্নবর্ণিত সূত্রের সাহায্যে নির্ধারণ করিতে হইবে ঃ

$$NT = K_2 V_c \left(\frac{4d}{3D}\right)^2 + K_3 \left(N_1 + \frac{N_2}{10}\right)$$

যে সূত্র ঃ

(ক) $\left(\frac{4d}{3D}\right)^2$ উৎপাদক এক এর অধিকরূপে গৃহীত হইবে না।

(খ) $K_2 V_c \left(\frac{4d}{3D}\right)^2$ কখনও 0.25GT এর কমরূপে গৃহীত হইবে না।

(গ) NT কখনও 0.30GT এর কমরূপে গৃহীত হইবে না; এবং যেখানে কিউবিক মিটারে মালামালের মোট স্থান।

$K_2 = 0.2 + 0.02 \log V_c$ ((অথবা পরিশিষ্ট ৩-এ যেইভাবে সারনিবদ্ধ)।

$K_3 = 1.25 \frac{GT + 10.000}{10.000}$

D = বিধির ১০ এর সংজ্ঞা অনুযায়ী মিটারে জাহাজের মাঝ বরাবর মোল্ডেড ডেপথ্ (Moulded depth);

d = এই বিধি অনুযায়ী মিটারে জাহাজের মাঝ বরাবর মোল্ডেড ডেপথ্ ড্রাফট;

$N_1$ = অনধিক ৮ বার্থবিশিষ্ট কেবিনসমূহে যাত্রীসংখ্যা;

$N_2$ = অন্যান্য যাত্রী সংখ্যা;

$N_1 + N_2$ =জাহাজের সার্ভে সার্টিফিকেট এর নির্দেশনা অনুযায়ী জাহাজ কর্তৃক বহনের অনুমোদিত যাত্রীর মোট সংখ্যা; যেইখানে $N_1 + N_2$, ১৩ এর কম হইবে সেইখানে $N_1$ এবং $N_2$ শূন্য বলিয়া গৃহীত হইবে;

GT = বিধি ১১ এর বিধানাবলী অনুযায়ী নির্ধারিত জাহাজের গ্রস টনেজ।

(২) এই বিধির উপ-বিধি (১) এ উল্লিখিত মোল্ডেড ড্রাফট নিম্নবর্ণিত ড্রাফটসমূহের যে কোন একটি অনুরূপ হইতে হইবে ঃ—

(ক) যেইসব জাহাজের ক্ষেত্রে অভ্যন্তরীণ জাহাজ (ফ্রি বোর্ড) বিধিমালা, ২০০১ প্রযোজ্য হইবে, সেইসব ক্ষেত্রে স্মুথ ওয়াটার লোড লাইন এর প্রতিষঙ্গী প্রযোজ্য ড্রাফট;

(খ) যাত্রীবাহী জাহাজের ক্ষেত্রে, অভ্যন্তরীণ জাহাজ (ফ্রি বোর্ড) বিধিমালা, ২০০১ অনুযায়ী নির্দিষ্টকৃত গভীরতম সাব ডিভিশন লোড লাইন এর প্রতিষঙ্গী প্রযোজ্য ড্রাফট;

(গ) অন্যান্য জাহাজের ক্ষেত্রে, বিধি ১০(২) এর সংজ্ঞা অনুযায়ী জাহাজের মাঝ বরাবর মোল্ডেড ড্রাফট এর ৭৫ শতাংশ।

১৩। **নেট টনেজ এর পরিবর্তন।**—(১) যখন কোন জাহাজের বৈশিষ্ট্য যেমন বিধি ১১ ও ১২ এর সংজ্ঞা অনুযায়ী V, $V_c$, d, $N_1$, $N_2$ পরিবর্তন করা হয় এবং যেক্ষেত্রে অনুরূপ পরিবর্তনের ফলে বিধি ১২ এর অধীন নির্ধারিত নেট টনেজ বৃদ্ধি পায়, সে ক্ষেত্রে নতুন বৈশিষ্ট্যসমূহের অনুরূপ জাহাজের নেট টনেজ অবিলম্বে প্রযোজ্য হইবে।

(২) যে জাহাজের ক্ষেত্রে বিধি ১২ এর ২(ক) ও ২(খ) দফায় উল্লিখিত লোড লাইন যুগপৎ প্রযোজ্য উহাকে বিধি ১২ এর বিধান অনুযায়ী নির্ধারিত কেবল একটি নেট টনেজ দেওয়া হইবে বা উহা অভ্যন্তরীণ জলপথসমূহের সেইপথে জাহাজটি নিয়োজিত সেই অংশের জন্য উপযোগী আরোপিত লোড লাইন হিসাবে প্রযোজ্য হইবে।

(৩) যখন কোন জাহাজের বৈশিষ্ট্য যেমন বিধি ১১ এবং ১২ এর সংজ্ঞা অনুযায়ী $V$, $V_C$, $d$, $N_1$, $N_2$ পরিবর্তন করা হয় অথবা জাহাজ অভ্যন্তরীণ জলপথসমূহের যেখানে নিয়োজিত সেই জলপথ পরিবর্তনের কারণে এই বিধির উপ-বিধি (২) এ উল্লিখিত লোড লাইন পরিবর্তন করা হয় এবং সেই কারণে বিধি ১২ এর বিধান অনুযায়ী নির্ধারিত নেট টনেজ হ্রাস পায়, সেইক্ষেত্রে বর্তমান সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে বারো মাস অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নতুন টনেজ সার্টিফিকেট প্রদান করা হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, প্রিন্সিপাল অফিসারের মতে জাহাজের অবকাঠামো অপসারণের মত বড় ধরণের কোন পরিবর্তন করা হয়, সেইক্ষেত্রে এই উপ-বিধি প্রযোজ্য হইবে না।

১৪। **আয়তনের হিসাব।**—(১) গ্রস ও নেট টনেজ হিসাবের অন্তর্ভুক্ত ভলিউম, ইনসুলেশনের ফিটিং বা অনুরূপ কিছু নির্বিশেষে, ধাতব বস্তু দ্বারা নির্মিত জাহাজসমূহে খোলা বা কাঠামোগত বাউন্ডারী প্লেটিং এর অভ্যন্তরীণ পার্শ্ব পর্যন্ত এবং অন্যান্য সামগ্রী দ্বারা নির্মিত জাহাজসমূহে খোলা এর বাহিরের পৃষ্ঠ বা কাঠামোগত বাউন্ডারী পৃষ্ঠতলসমূহের অভ্যন্তর পার্শ্ব পর্যন্ত পরিমাপ করিতে হইবে।

(২) সংযুক্ত ভলিউমের আয়তনও মোট আয়তনের অন্তর্ভুক্ত হইবে।

(৩) পানির দিকে উন্মুক্ত স্থানসমূহের আয়তন মোট আয়তন হইতে বাদ দেওয়া যাইতে পারে।

১৫। **পরিমাপ ও হিসাব।**—(১) আয়তন হিসাবের জন্য ব্যবহৃত সকল পরিমাপ নিকটতম সেন্টিমিটার পর্যন্ত গ্রহণ করিতে হইবে।

(২) সংশ্লিষ্ট স্থানের জন্য সাধারণভাবে গৃহীত পদ্ধতিসমূহ দ্বারা এবং অধিদপ্তরের নিকট গ্রহণযোগ্য সঠিকতার সহিত আয়তন হিসাব করিতে হইবে।

(৩) হিসাব যথেষ্ট বিস্তারিত হইতে হইবে যাহাতে উহা সহজে পরীক্ষা করিয়া দেখা যায়।

১৬। **ব্যবহার।**—এই বিধিমালার অধীন নির্ধারিত গ্রস টনেজ ও নেট টনেজ অভ্যন্তরীণ জাহাজের প্যারামিটার বা জাহাজের সঠিক আকার বা ব্যবহারোপযোগী ধারণ ক্ষমতার সহিত সম্পর্কিত পরিসংখ্যান উপাত্তের ভিত্তি হিসাবে গৃহীত হইবে যদি তাহা অভ্যন্তরীণ জাহাজ (নিরাপত্তা) বিধিমালায় ব্যবহার হয় সরকার, স্বায়ত্বশাসিত সংস্থা ও অন্যান্য এজেন্সীসমূহকে চার্জসমূহের ভিত্তিহিসাবে গ্রস নিবন্ধিত। টনেজ ও নেট নিবন্ধিত টনেজ ব্যবহার করিবার সময় সাবধানতার সহিত বিবেচনা করিয়া দেখিতে হইবে যে, তাহাদের বর্তমান কার্যাভ্যাসের আলোকে কোন প্যারামিটার ব্যবহারের জন্য সর্বাধিক উপযোগী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অভ্যন্তরীণ জাহাজের টনেজ পরিমাপন সনদ

(অফিসের সীল)

অভ্যন্তরীণ জাহাজ (টনেজ পরিমাপন) বিধিমালা, ২০০১ এর আওতায় সনদ

বিধি ৭ (৩) দ্রষ্টব্য।

| জাহাজের নাম | নিবন্ধন নম্বর | নিবন্ধিত বন্দর | তারিখ |
|---|---|---|---|
| | | | |

* যে তারিখে জাহাজের কিল স্থাপন করা হইয়াছে অথবা বর্তমান জাহাজটি সমপর্যায়ে নির্মাণাধীন অবস্থায় ছিল, বিধি ২(চ), অথবা বর্তমান জাহাজের ক্ষেত্রে যে তারিখে জাহাজটি বড় ধরণের পরিবর্তন বা রূপায়ন করা হইয়াছে সে তারিখ ২ (ঞ)।

প্রধান পরিমাপসমূহ -

| দৈর্ঘ্য বিধি ২ (ট) | প্রস্থ বিধি ১০ (৩) | জাহাজের মধ্যভাগ থেকে উচ্চতর ডেক পর্যন্ত মোল্ডেড উচ্চতা, বিধি ১০ (২) |
|---|---|---|
| | | |

জাহাজের টনেজ ঃ

গ্রস টনেজ ....................................

নেট টনেজ ....................................

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, অভ্যন্তরীণ জাহাজ (টনেজ পরিমাপক) বিধিমালা, ২০০১ অনুসারে এই জাহাজটি টনেজ নির্ধারণ করা হইয়াছে।

............................................ ............................................

সনদপত্র জারী করার স্থান সনদ জারী করার তারিখ

............................................

সনদ প্রদানকারীর স্বাক্ষর

ও

সীল

নিম্ন স্বাক্ষরকারী ঘোষণা করিতেছে যে, তিনি এই সার্টিফিকেট প্রদান করিবার জন্য প্রিন্সিপাল অফিসার, অভ্যন্তরীণ জাহাজ নিরাপত্তা প্রশাসন (ইসা) কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

পরিশিষ্ট-১

<table>
<tr><td colspan="3">টনেজের অন্তর্ভুক্ত স্থানসমূহ</td><td colspan="3"></td></tr>
<tr><td colspan="3">গ্রস টনেজ</td><td colspan="3">নেট টনেজ</td></tr>
<tr><td>পরিমাপিত স্থানের নাম</td><td>অবস্থান</td><td>দৈর্ঘ্য</td><td>পরিমাপিত স্থানের নাম</td><td>অবস্থান</td><td>দৈর্ঘ্য</td></tr>
<tr><td colspan="3" rowspan="2"></td><td colspan="3"></td></tr>
<tr><td colspan="3">যাত্রীদের সংখ্যা<br>বিধি ১২ (১)<br>৮টি বার্থের নহে এইরূপ কেবিনের যাত্রীর সংখ্যা<br>..........................................................<br>অন্যান্য যাত্রীদের সংখ্যা<br>..........................................................</td></tr>
<tr><td colspan="3">বাদ দেওয়া স্থানসমূহ<br>বিধি ১০ (৫)<br>উপরোক্ত তালিকাভুক্ত স্থানসমূহ যাহাতে আবদ্ধ এবং বাদ দেওয়া স্থানসমূহ অন্তর্ভুক্ত করা হইয়াছে সেখানে তারকাচিহ্ন (*) বসাইতে হইবে।</td><td colspan="3">মোল্ডেড ড্রাফট<br>বিধি ১২ (২)</td></tr>
<tr><td colspan="6">মূল পরিমাপনের স্থান ও তারিখ</td></tr>
<tr><td colspan="6">সর্বশেষ পূর্ব পুনঃ পরিমাপনের<br>স্থান ও তারিখ</td></tr>
<tr><td colspan="6">মন্তব্য</td></tr>
</table>

## পরিশিষ্ট-২

## বিধি ১০ (৫) উল্লেখিত চিত্রসমূহ

O - বাদ দেওয়া স্থানসমূহ

C - আবদ্ধ স্থানসমূহ


I - আবদ্ধ স্থান হিসাবে বিবেচিত স্থানসমূহ

হ্যাচের অংশসমূহ আবদ্ধ স্থান হিসাবে অন্তর্ভুক্ত হইবে

B - খোলা জায়গায় ডেকের প্রশস্থতা

চিত্র-১১তে প্রদর্শন অনুযায়ী গোলাকার প্যানেল বিশিষ্ট জাহাজের প্রশস্ততা মাপিতে হইবে।


চিত্র



## পরিশিষ্ট-২


### চিত্র

বিধি ১০(৫)(খ)





চিত্র ৭

বিধি ১০(৫)(গ)




চিত্র-৮


বিধি ১০(৫)(ঘ)




চিত্র-৯

## পরিশিষ্ট-২


বিধি ১০(৫)(খ)




চিত্র-১০

SHIPS WITH ROUNDED GUNWALES

গোলাকার উপরিভাগের বাহ্যদেশ বিশিষ্ট নৌযান




চিত্র-১১

## পরিশিষ্ট-৩

বিধি ১১ ও ১২ (১) তে উল্লেখিত $K_1$ এবং $K_2$ সমনির্মিত

$V$ বা $V_C$ = আয়তন ঘন মিটার

| $V$ বা $V_C$ | $K_1$ বা $K_2$ | $V$ বা $V_C$ | $K_1$ বা $K_2$ | $V$ বা $V_C$ | $K_1$ বা $K_2$ | $V$ বা $V_C$ | $K_1$ বা $K_2$ |
|---|---|---|---|---|---|---|---|
| ১০ | ০.২২০০ | ৪৫০০০ | ০.২৯৩১ | ৩৩০০০০ | ০.৩১০৪ | ৬৭০০০০ | ০.৩১৬৫ |
| ২০ | ০.২২৬০ | ৫০০০০ | ০.২৯৪০ | ৩৪০০০০ | ০.৩১০৬ | ৬৮০০০০ | ০.৩১৬৬ |
| ৩০ | ০.২২৯৫ | ৫৫০০০ | ০.২৯৪৮ | ৩৫০০০০ | ০.৩১০৯ | ৬৯০০০০ | ০.৩১৬৮ |
| ৪০ | ০.২৩২০ | ৬০০০০ | ০.২৯৫৬ | ৩৬০০০০ | ০.৩১১১ | ৭০০০০০ | ০.৩১৬৯ |
| ৫০ | ০.২৩৪০ | ৬৫০০০ | ০.২৯৬৩ | ৩৭০০০০ | ০.৩১১৪ | ৭১০০০০ | ০.৩১৭০ |
| ৬০ | ০.২৩৫৬ | ৭০০০০ | ০.২৯৬৯ | ৩৮০০০০ | ০.৩১১৬ | ৭২০০০০ | ০.৩১৭১ |
| ৭০ | ০.২৩৬৯ | ৭৫০০০ | ০.২৯৭৫ | ৩৯০০০০ | ০.৩১১৮ | ৭৩০০০০ | ০.৩১৭৩ |
| ৮০ | ০.২৩৮১ | ৮০০০০ | ০.২৯৮১ | ৪০০০০০ | ০.৩১২০ | ৭৪০০০০ | ০.৩১৭৪ |
| ৯০ | ০.২৩৯১ | ৮৫০০০ | ০.২৯৮৬ | ৪১০০০০ | ০.৩১২৩ | ৭৫০০০০ | ০.৩১৭৫ |
| ১০০ | ০.২৪০০ | ৯০০০০ | ০.২৯৯১ | ৪২০০০০ | ০.৩১২৫ | ৭৬০০০০ | ০.৩১৭৬ |
| ২০০ | ০.২৪৬০ | ৯৫০০০ | ০.২৯৯৬ | ৪৩০০০০ | ০.৩১২৭ | ৭৭০০০০ | ০.৩১৭৭ |
| ৩০০ | ০.২৪৯৫ | ১০০০০০ | ০.৩০০০ | ৪৪০০০০ | ০.৩১২৯ | ৭৮০০০০ | ০.৩১৭৮ |
| ৪০০ | ০.২৫২০ | ১১০০০০ | ০.৩০০৮ | ৪৫০০০০ | ০.৩১৩১ | ৭৯০০০০ | ০.৩১৮০ |
| ৫০০ | ০.২৫৪০ | ১২০০০০ | ০.৩০১৬ | ৪৬০০০০ | ০.৩১৩৩ | ৮০০০০ | ০.৩১৮১ |
| ৬০০ | ০.২৫৫৬ | ১৩০০০০ | ০.৩০২৩ | ৪৭০০০০ | ০.৩১৩৪ | ৮১০০০০ | ০.৩১৮২ |
| ৭০০ | ০.২৫৬৯ | ১৪০০০০ | ০.৩০২৯ | ৪৮০০০০ | ০.৩১৩৬ | ৮২০০০০ | ০.৩১৮৩ |
| ৮০০ | ০.২৫৮১ | ১৫০০০০ | ০.৩০৩৫ | ৪৯০০০০ | ০.৩১৩৮ | ৮৩০০০০ | ০.৩১৮৪ |
| ৯০০ | ০.২৫৯১ | ১৬০০০০ | ০.৩০৪১ | ৫০০০০০ | ০.৩১৪০ | ৮৪০০০০ | ০.৩১৮৫ |
| ১০০০ | ০.২৬০০ | ১৭০০০০ | ০.৩০৪৬ | ৫১০০০০ | ০.৩১৪২ | ৮৫০০০০ | ০.৩১৮৬ |
| ২০০০ | ০.২৬৬০ | ১৮০০০০ | ০.৩০৫১ | ৫২০০০০ | ০.৩১৪৩ | ৮৬০০০০ | ০.৩১৮৭ |
| ৩০০০ | ০.২৬৯৫ | ১৯০০০০ | ০.৩০৫৬ | ৫৩০০০০ | ০.৩১৪৫ | ৮৭০০০০ | ০.৩১৮৮ |
| ৪০০০ | ০.২৭২০ | ২০০০০০ | ০.৩০৬০ | ৫৪০০০০ | ০.৩১৪৬ | ৮৮০০০০ | ০.৩১৮৯ |
| ৫০০০ | ০.২৭৪০ | ২১০০০০ | ০.৩০৬৪ | ৫৫০০০০ | ০.৩১৪৮ | ৮৯০০০০ | ০.৩১৯০ |
| ৬০০০ | ০.২৭৫৬ | ২২০০০০ | ০.৩০৬৮ | ৫৬০০০০ | ০.৩১৫০ | ৯০০০০০ | ০.৩১৯১ |
| ৭০০০ | ০.২৭৬৯ | ২৩০০০০ | ০.৩০৭২ | ৫৭০০০০ | ০.৩১৫১ | ৯১০০০০ | ০.৩১৯২ |

| V বা $V_C$ | $K_1$ বা $K_2$ | V বা $V_C$ | $K_1$ বা $K_2$ | V বা $V_C$ | $K_1$ বা $K_2$ | V বা $V_C$ | $K_1$ বা $K_2$ |
|---|---|---|---|---|---|---|---|
| ৮০০০ | ০.২৭৮১ | ২৪০০০০ | ০.৩০৭৬ | ৫৮০০০০ | ০.৩১৫৩ | ৯২০০০০ | ০.৩১৯৩ |
| ৯০০০ | ০.২৭৯১ | ২৫০০০০ | ০.৩০৮০ | ৫৯০০০০ | ০.৩১৫৪ | ৯৩০০০০ | ০.৩১৯৩ |
| ১০০০০ | ০.২৮০০ | ২৬০০০০ | ০.৩০৮৩ | ৬০০০০০ | ০.৩১৫৬ | ৯৪০০০০ | ০.৩১৯৪ |
| ১৫০০০ | ০.২৮৩৫ | ২৭০০০০ | ০.৩০৮৬ | ৬১০০০০ | ০.৩১৫৭ | ৯৫০০০০ | ০.৩১৯৫ |
| ২০০০০ | ০.২৮৬০ | ২৮০০০০ | ০.৩০৮৯ | ৬২০০০০ | ০.৩১৫৮ | ৯৬০০০০ | ০.৩১৯৬ |
| ২৫০০০ | ০.২৮৮০ | ২৯০০০০ | ০.৩০৯২ | ৬৩০০০০ | ০.৩১৬০ | ৯৭০০০০ | ০.৩১৯৭ |
| ৩০০০০ | ০.২৮৯৫ | ৩০০০০০ | ০.৩০৯৫ | ৬৪০০০০ | ০.৩১৬১ | ৯৮০০০০ | ০.৩১৯৮ |
| ৩৫০০০ | ০.২৯০৯ | ৩১০০০০ | ০.৩০৯৮ | ৬৫০০০০ | ০.৩১৬৩ | ৯৯০০০০ | ০.৩১৯৯ |
| ৪০০০০ | ০.২৯২০ | ৩২০০০০ | ০.৩১০১ | ৬৬০০০০ | ০.৩১৬৪ | ১০০০০০০ | ০.৩২০০ |

V বা $V_C$ এর মধ্যবর্তী মানের $K_1$ বা $K_2$ সহনির্মিত লিনিয়ার ইন্টারপোলিয়েশন (Linear interpoliation) বাহির করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাসির উদ্দিন**
উপ-সচিব (জাহাজ)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।